

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা।

তথ্য অধিকার আইনে রাজস্ব কর্মকর্তাকে জরিমানা

তথ্য কমিশন হতে তথ্য প্রদানের নির্দেশ দেওয়া সত্ত্বেও আবেদনকারীর প্রার্থিত তথ্য না দেওয়ায় সাভার ডিইপিজেডের কাস্টমস বন্ড কমিশনারেট, বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ের রাজস্ব কর্মকর্তাকে তথ্য অধিকার আইনে ১ হাজার টাকা জরিমানা করেছে তথ্য কমিশন।

আজ ২২ জুলাই, ২০১৮ রাজধানীর আগারগাঁও এর তথ্য কমিশন কার্যালয়ে এক শুনানীশেষে এ নির্দেশ দিয়েছে তথ্য কমিশন। শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম এনডিসি।

গত ১০ বছরে ডিইপিজেড (পূর্ব/পশ্চিম) এর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের অবৈধভাবে মালামাল বহনের সময় আটককৃত গাড়ির সংখ্যা, গাড়ির মালিকের নাম, মডেল, ইঞ্জিন নম্বর, চেচিজ নং, জন্দের তারিখ, গাড়ি থেকে উদ্ধারকৃত মালামালের নাম, পরিমাণ ও মূল্যসহ বিস্তারিত বিবরণ, জন্ডকৃত গাড়ি বর্তমানে কোথায় রাখা হয়েছে, জন্ডকৃত গাড়ি ও অবৈধভাবে মালামাল বহনসহ বিভিন্ন অভিযোগে কাস্টমস আইন অনুযায়ী যে মামলা হয়েছে/ হয়েছিল তার অবিকল ফটোকপি, মামলা গুলোর সর্বশেষ অবস্থা, যদি জরিমানা আদায়সহ বিভিন্ন শর্তে গাড়ি ছেড়ে দেওয়া হয়ে থাকে তবে জরিমানার পরিমাণ, কাস্টমস আইন অনুযায়ী কোন ধারা- উপধারার ভিত্তিতে ওই সকল গাড়ি ছেড়ে দেওয়া হয় তার নমুনার কপি প্রভৃতি তথ্য জানতে চেয়ে সাভারের জনাব মোঃ মতিউর রহমান সাভার ডিইপিজেডের কাস্টমস বন্ড কমিশনারেট, বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ের রাজস্ব কর্মকর্তার কাছে তথ্য অধিকার আইনে তথ্য প্রাপ্তির আবেদন করেন। তথ্য না পেয়ে আবেদনকারী পরবর্তীতে আপীল করেন। আপীল করেও তথ্য না পেয়ে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। উক্ত অভিযোগের বিষয়ে তথ্য কমিশনে শুনানীঅন্তে তথ্য অধিকার আইনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে ২০ কার্যদিবসের মধ্যে তথ্য প্রদানের নির্দেশ দেয় তথ্য কমিশন। তথ্য কমিশনের নির্দেশ সত্ত্বেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকারীকে তথ্য প্রদান না করলে আবেদনকারী তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন।

উক্ত অভিযোগের বিষয়ে তথ্য কমিশনে শুনানীঅন্তে তথ্য অধিকার আইনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে ১ হাজার টাকা জরিমানা করা হয় এবং আগামী ০৭ দিনের মধ্যে আবেদনকারীর চাহিত তথ্য প্রদানের নির্দেশ দেওয়া হয়।

তথ্য কমিশনে আজ ১০টি অভিযোগের শুনানীশেষে ০৭টি অভিযোগের তাৎক্ষণিক নিষ্পত্তি করা হয়, ০২টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারণ করা হয় এবং ০১টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

স্বাক্ষরিত:-
২২.০৭.২০১৮
(লিটন কুমার প্রামাণিক)
জনসংযোগ কর্মকর্তা
তথ্য কমিশন
ফোন-৯১৩৭৩৩২

E-mail: pro@infocom.gov.bd